# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

**স্বাধীনতা ভবন**

৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.bffwt.gov.bd, Fax-02-9562258

বিষয়ঃ অক্টোবর ২০১৯ মাসের Innovation and Policy Suggestion সভার কার্যবিবরণী।

সভার তারিখ ঃ ০৩/১০/২০১৯

সভার সময় ঃ বেলা ১১.০০ টা

সভার স্থান ঃ ৮৮, মতিঝিলস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সভাকক্ষ।

সভাপতি ঃ সাঈদ মাহমুদ বেলাল হায়দর, পরিচালক(কল্যাণ) ও সচিব (অতিরিক্ত দায়িত্ব)

সভায় কমিটির সদস্যবৃন্দের উপস্থিতি সংযোজনী-"ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অনুরোধ জানান। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান। | সভাপতির অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট পরিবর্তিত ফরমেটে সিটিজেন চার্টার তৈরি করেছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও CABINET DIVISION, এর Annual Performance Agreement Management System(APAMS) এর সাথে লিংক করা হয়েছে। তাই পরিবর্তিত ফরমেটে প্রণীত সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত কাজসমূহ যথারীতি সম্পাদন করা হচ্ছে। | পরিবর্তিত ফরমেটে প্রণীত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২. | অভিযোগ নিষ্পত্তি। | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, সেপ্টেম্বর ২০১৯ মাসে নাগরিক বা দাপ্তরিক কোনো প্রকার অভিযোগ পাওয়া যায়নি। সভাপতি বলেন, প্রাপ্ত অভিযোগসমূহ গুরুত্বসহকারে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি বলেন, প্রতি মাসে নির্ধারিত সময়ে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। প্রতি মাসে নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩. | তথ্য অধিকার সম্পর্কিত। | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ইনোভেশন টিম এবং তথ্য অধিকার আইন বাস্তবায়ন (RTI) সম্পর্কিত সভা প্রতিমাসের ১ম সপ্তাহে করা হচ্ছে এবং সভার কার্যবিবরণী ও নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। সভাপতি বলেন, তথ্য অধিকার আইন,২০০৯ অনুযায়ী চাহিত তথ্যসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সরবরাহ করতে হবে। | তথ্য অধিকার আইন,২০০৯ অনুযায়ী চাহিত তথ্যসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সরবরাহ করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৪. | নিয়মিত যথাসময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিবেদনসমূহ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ। | ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা অব্যহত আছে। সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০১৯-২০২০ অর্থবছরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের মোট ১১,৮৭০ জন/পরিবারকে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। কিন্তু সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত মাত্র ৯৫৯৯ জনকে ভাতা প্রদান করা হয়েছে। ভাতা প্রদান কার্যক্রম আরও জোরদার করতে হবে। | ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ক্যালেন্ডার অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ট্রাস্টের ওয়েবসাইট-এ আপলোড করতে হবে। | কল্যাণ বিভাগের সকল কর্মকর্তা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | অক্টোবর ২০১৯ মাসের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১১৮৭০ জনকে ভাতা প্রদান সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদনসমূহ যথাসময়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>ভাতাভোগীর ব্যাংক হিসাবে ভাতা প্রেরণের সঙ্গে সঙ্গে তাঁকে পত্রের মাধ্যমে/মোবাইলে ক্ষুদে বার্তার মাধ্যমে অবহিত করতে হবে। এপিএ ক্যালেন্ডার অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে অথবা তৎপূর্বে সম্পন্ন করতে হবে। | | |
| ৫. | ওয়েবসাইট হালনাগাদকরণ। | আলোচনায় সভাপতি বলেন, ট্রাস্টের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। কোনো কর্মকর্তার অনুপস্থিতিতে তার বিকল্প কর্মকর্তার নাম ই-নথির আইডিতে অন্তর্ভূক্ত করতে হবে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | আইসিটি কর্মকর্তা |
| ৬. | প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ। | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদেরকে শুদ্ধাচারসহ আভ্যন্তরীণ প্রশিক্ষণের জন্য অর্থ মন্ত্রণালয়ের প্রশিক্ষণ সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী বাজেট প্রণয়ন পূর্বক নিয়মিত ক্যালেন্ডার অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। সভাপতি বলেন, দক্ষ জনবল তৈরির জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। আমাদের সীতিত জনবল, এদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে হবে। | সূচি অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭. | ই-নথি কার্যক্রম বাস্তবায়ন। | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, সেপ্টেম্বর ২০১৯ মাসে ই-নথি কার্যক্রমে ৮১টি দপ্তর/সংস্থার মধ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রথম স্থান অর্জন করেছে। সভাপতি বলেন, অতিজরুরি এবং গোপনীয় বিষয় ব্যতিত সকল ধরণের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। ক্রমান্বয়ে শতভাগ কার্যক্রম ই-নথির মাধ্যমে উপস্থাপন করতে হবে। | ক্রমান্বয়ে শতভাগ কার্যক্রম ই-নথির মাধ্যমে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৮. | সেবাগ্রহীতাদের ডাটা এন্ট্রিকরণ। | সভায় উপস্থিত ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি) সভাকে অবহিত করেন যে, উদ্ভাবনী কার্যক্রমের বার্ষিক পরিকল্পনায় গৃহিত কাজ যেমন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহিদ পরিবার ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের ভাতা মোবাইল Message এর মাধ্যমে অবহিতকরণ, ডাটাবেইজ সফট্ওয়ার এবং বঙ্গবন্ধু ছাত্র বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ডাটাবেইজ সফট্ওয়ার সংগ্রহ ও সংযোজন ০১-০৮-২০১৮ হতে ০১-০২-২০১৯ পর্যন্ত সময় নির্ধারণ ছিল। ইতোমধ্যে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন ২৫-০৬-২০১৯ তারিখ হতে সফট্ওয়ার এর মাধ্যমে গ্রহণ করা হচ্ছে। যা ট্রাস্টের মূল ওয়েব সাইট (www.bffwt.gov.bd) এর আভ্যন্তরীণ ই-সেবা কার্যক্রম চলছে। সভাপতি বলেন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সেবা গ্রহীতাদের ডাটাবেইজ কার্যক্রম দুত সম্পন্ন করতে হবে। | ডাটাবেইজ কার্যক্রম দুত সম্পন্ন করতে হবে। | আইসিটি কর্মকর্তা |

চলমান পাতা-৩

অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
পরিচালক(কল্যাণ)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৯৫৫৫৫১৫
e-mail: secy@bffwt.gov.bd

স্মারক সংখ্যা-৪৮.০১.০০০০.১০২.১৮.০১১.১৯/ ২৪৩২

তারিখঃ ২৪ আশ্বিন ১৪২৬ / ০৯ অক্টোবর ২০১৯

বিতরণ- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (শিল্প ও বাণিজ্য/কল্যাণ/অর্থ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন (চলতি দায়িত্ব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৪। উপ-প্রধান প্রকৌশলী বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। উপ-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

০৯/১০/২০১৯

(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
পরিচালক(কল্যাণ)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)